গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯- ৫৫৬

তারিখ : ১১ অগ্রহায়ণ ১৪২৬ ব:
২৬ নভেম্বর ২০১৯ খ্রি:

বিষয় : "১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভা গত ১২/১১/২০১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১। যুগ্ম প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। যুগ্ম সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। পরিচালক (উন্নয়ন),ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫। উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, "১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৪, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। উপ-পরিচালক (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ১২ নভেম্বর' ২০১৯ |
| সময় | : | বেলা ১.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' প্রণয়ন করে তদনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন। তিনি প্রকল্পের জমি অধিগ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনে মন্ত্রণালয়ের সহযোগিতা নেয়ার উপর গুরুত্ব আরোপ করেন। অত:পর তিনি সিনিয়র সহকারী প্রধান-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী প্রধান জানান যে, আলোচ্য প্রকল্পটি গত ০৭/১১/২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৬২৯৭৩.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৯ থেকে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয় এবং ১০/০৩/২০১৯ তারিখে প্রশাসনিক অনুমোদন আদেশ জারী করা হয়। তিনি আরো জানান, আলোচ্য প্রকল্পের আওতায় ১১টি মডার্ণ ফায়ার স্টেশন (মডার্ণ ১০টি এবং মডার্ণ স্থল কাম নদী ১টি) স্থাপনের সংস্থান আছে। সিনিয়র সহকারী প্রধান আরো জানান যে, অক্টোবর ২০১৯ পর্যন্ত এ প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৮৭৯.৫৫ লক্ষ টাকা (১.২৯%) এবং চলতি ২০১৯-২০ অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে ১০০০০.০০ লক্ষ বরাদ্দ আছে।

০৩। প্রকল্পের জমি অধিগ্রহণ সংক্রান্ত অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন করা হবে। উক্ত ১১টির মধ্যে ৩টির- জিরাবো সাভার (সাভার সেনানিবাস এলাকা সংলগ্ন)ঢাকা, রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র গ্রীণ সিটি পাবনা এবং গাজীপুর চৌরাস্তা-গাজীপুর, জমির অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। এর মধ্যে ২টির জিরাবো সাভার (সাভার সেনানিবাস এলাকা সংলগ্ন) ঢাকা এবং রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র গ্রীণ সিটি পাবনা, নির্মাণ কাজের টেন্ডার আহ্বান করা হয়েছে। এছাড়া, (১) সারাবো (কাশিমপুর)-গাজীপুর, জেলা প্রশাসক গাজীপুর বরাবর ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রস্তাব প্রেরণ করা হয়েছে। (২) কাচঁপুর ব্রিজ-নারায়ণগঞ্জ বাস্তাবায়নাধীন ১৫৬ প্রকল্প হতে ০.৫০ একর জমি অধিগ্রহণের নিমিত্ত জমির মূল্যের প্রাক্কলন তৈরী প্রক্রিয়াধীন এবং আরো ০.৩০ একর জমি অধিগ্রহণের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। (৩) কর্ণফুলী-চট্টগ্রাম, অধিগ্রহণের নিমিত্ত ভূমির মূল্যের প্রাক্কলন তৈরী প্রক্রিয়াধীন। (৪) মাতারবাড়ী (মহেশখালী)-কক্সবাজার, জেলা প্রশাসক , কক্সবাজার বরাবর পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং সে অনুযায়ী মাতারবাড়ী কয়লা বিদ্যুৎ কেন্দ্র হতে ভূমি প্রাপ্তি প্রক্রিয়াধীন আছে। (৫)রাজেন্দ্রপুর চৌরাস্তা-গাজীপুর ভূমি হস্তান্তরের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। (৬) কোনাবাড়ী-গাজীপুর ভূমি হস্তান্তরের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। (৭)শিবু মার্কেট-নারায়ণগঞ্জ, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবরে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। (৮) খুলশী-চট্টগ্রাম, জমি নির্বাচন করা হয়েছে, প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরণ করা হবে।

০৪। মহাপরিচালক জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স যে কোন দুর্যোগে প্রথম সাড়া প্রদানকারী জাতীয় প্রতিষ্ঠান। অগ্নি দুর্ঘটনা ছাড়াও ফায়ার সার্ভিস অধিদপ্তর রোড রেসকিউ, এ্যাম্বুলেন্স সার্ভিস, কমিউনিটি ভলান্টিয়ার

প্রস্তুতকরণ, ডুবুরি কার্যক্রম, নৌ দুর্ঘটনা, ভবন ধস, পাহাড় ধস, বন্যা, লিফট দুর্ঘটনা ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে থাকে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী প্রতি উপজেলায় ন্যূনতম ০১টি ফায়ার স্টেশন স্থাপনের কাজ বর্তমানে চলমান রয়েছে।

৫। মহাপরিচালক সভাকে জানান যে, অনুমোদিত ডিপিপি'র জিডি-২০ টার্ন টেবল লেডার ডিপিপিতে ৫৪মিটারের পরিবর্তে বর্তমান সময়ে যুগপোযোগি ৬৮মিটার উচ্চতা বিশিষ্ট টার্ন টেবল লেডার ক্রয় করা যুক্তিসংগত। তিনি আরো উল্লেখ করেন যে, ক্রমবর্ধমান নগরায়নের কারণে দেশের প্রধান প্রধান শহরে বহুতল ভবন নির্মিত হয়েছে এবং হচ্ছে। অন্যদিকে দেশের অর্থনীতির প্রধান চালিকা শক্তি বিশেষত: গার্মেন্টস সেক্টরে বহুতল ভবনে অগ্নি নির্বাপণে সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে এ প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্প দলিলে সন্নিবেশিত ৫৪ মিটার উচ্চতা বিশিষ্ট লেডার দ্বারা প্রায় ১৫-১৭ তলা পর্যন্ত অগ্নি নির্বাপন ও উদ্ধার কার্য পরিচালনা করা সম্ভব। বাস্তবে দেশের প্রধান প্রধান নগরীতে ২৪তলা বা তদুর্ধ্ব উচ্চতা বিশিষ্ট বহুতল ভবন রয়েছে। এ অবস্থায় দেশের বাস্তব চাহিদা বিবেচনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের সামর্থ্য বৃদ্ধিকল্পে ন্যূনতম ৬৮ মিটার উচ্চতা বিশিষ্ট টার্ন টেবল লেডার সংগ্রহ করা যুক্তিযুক্ত। এতে করে বহুতল ভবনে বিশেষত: দেশের সর্বোচ্চ বহুতল ভবনে দুর্যোগকালীন সময়ে সাড়া দেয়া সম্ভব হবে। এমতাবস্থায়, ৫৪ মিটার পরিবর্তে ৬৮ মিটার উচ্চতা বিশিষ্ট টার্ন টেবল লেডার সংগ্রহের উদ্যোগ নেয়া হয়েছে।

৬। আলোচনায় অংশ নিয়ে সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সহকারী প্রধান অভিমত ব্যক্ত করেন যে, আলোচ্য জিডি-২০ টার্ন টেবল লেডার ডিপিপিতে ৫৪মিটারের পরিবর্তে বর্তমান সময়ে যুগপোযুগি ৬৮মিটার উচ্চতা বিশিষ্ট টার্ন টেবল লেডার ক্রয় সংক্রান্ত বিষয়ে প্রকল্প সংশোধনের সময় সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হবে এই শর্তে পরিকল্পনা কমিশনের সম্মতি নিয়ে বর্তমানে কাজ চালিয়ে যাওয়া যেতে পারে। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের উপ-প্রধান এর মতামত জানতে চাইলে তিনি একই মতামত প্রদান করেন।

৭। ভূমি অধিগ্রহণে জমির মূল্য ডিপিপিতে সন্নিবেশিত দর অপেক্ষা বর্তমান অধিগ্রহণ মূল্য বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা কমিশনের মতামত জানতে চাওয়া হলে উপ-প্রধান জানান যে, সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতির পৃষ্ঠা ২৬ এর ১৬.৯নং অনুচ্ছেদ অনুযায়ী "জমির মূল্য বৃদ্ধিজনিত কারণে উন্নয়ন প্রকল্পের সংশ্লিষ্ট খাতে ব্যয় বৃদ্ধির বিশেষ প্রয়োজন দেখা দিলে একই প্রকল্প ছকে (ডিপিপি/আরডিপিপি ছকে) সংশোধনপূর্বক বর্ধিত ব্যয়ের সংস্থান করা যাবে। ডিপিইসি এর সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী এরূপ সংশোধন অনুমোদন করবেন। এ ধরণের সংশোধন ১ম/২য় সংশোধন হিসেবে বিবেচনার পরিবর্তে বিশেষ সংশোধন হিসেবে বিবেচনা করা হবে। এ বিশেষ সংশোধনের আওতায় অনুমোদিত প্রকল্প দলিলে উল্লিখিত প্রাক্কলিত জমির মূল্যের অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) শতাংশ বৃদ্ধি করা যাবে"। সভায় এবিষয়ে সকলে একমত পোষণ করেন।

০৮। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৮.১) প্রকল্পের জমি অধিগ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের সহযোগিতা নেয়া;

(৮.২) আলোচ্য প্রকল্পের আওতাধীন জিডি-২০ টার্ন টেবল লেডার অনুমোদিত ডিপিপির ৫৪মিটারের পরিবর্তে বাস্তব চাহিদা বিবেচনা করে যুগপোযোগি ৬৮মিটার উচ্চতা বিশিষ্ট টার্ন টেবল লেডার ক্রয় সংক্রান্ত বিষয়ে প্রকল্প সংশোধনের সময় সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হবে এই শর্তে পরিকল্পনা কমিশনের সম্মতি নেয়া;

(৮.৩) ভূমি অধিগ্রহণে জমির মূল্য ডিপিপিতে সন্নিবেশিত দর অপেক্ষা বর্তমান অধিগ্রহণ মূল্য বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতির পৃষ্ঠা ২৬ এর ১৬.৯নং অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(৮.৪) প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রাখার জন্য প্রকল্প পরিচালক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিবিড় তদারকি করা;

(৮.৫) প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহনের ইনভেনটরী রেজিস্ট্রার এবং স্টক রেজিস্ট্রার সংরক্ষণ করা;

(৮.৬) প্রকল্প সাইটে সাইট বুক সংরক্ষণ করা;

(৮.৭) চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করা;

(৮.৮) প্রকল্পের কাজের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন করা।

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

১২ নভেম্বর ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | সৈয়দ আবদুল মমিন<br>অতিরিক্ত সচিব | | 01916-044166 | |
| ২. | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ | সুরক্ষা সেবা বিভাগ | ০১৭১১৫০৫৫৫৭১ | ১২ নভেম্বর ২০১৯ |
| ৩. | ব্রিঃ জেঃ সাজ্জাদ<br>ডিজি | এফ এস সি ডি | ০১৭৬০০০২৬২১ | ১২/১১/১৯ |
| ৪. | কাজী মোহাম্মদ জহিরুল হক<br>[illegible] | SSD | 01727202762 | ১২/১১/১৯ |
| ৫. | মোঃ আবেদুর রহমান<br>যুগ্ম সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01715008030 | |
| ৬. | লেঃ কর্নেল জুলফিকার রহমান. Dir (Pw). | FSCD | 01713145070 | |
| ৭. | শিরিন আখতার<br>সিঃ সহঃ প্রধান | সুসেবি | 0177632838 | |
| ৮. | মোঃ শহীদ আখতারুজ্জামান<br>প্রকল্প পরিচালক<br>১১ নভেম্বর | FSCD | 01711116747 | |
| ৯. | মোঃ মিজবাহ উদ্দীন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | PWD | 01534503405 | |
| ১০. | মুহম্মদ মশিউর রহমান আকন্দ<br>নির্বাহী প্রকৌশলী | PWD | 975005611 | |
| ১১. | মোহাম্মদ [illegible] সিনিয়র [illegible] SAS | FD, MoF | 01733551155 | |
| ১২. | বিশ্বজিৎ বড়ুয়া | DOA | 01772500800 | |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩. | শহিদ মস্তুফা আহমেদ<br>উপ প্রধান | সেক্টর [illegible] পরিকল্পনা কমিশন | ০১৭১৬৪৮৩৮৮৩ | [signature] |
| ১৪. | পলাশ কুমার ঘোষ<br>সহকারী প্রধান | বিআইডিএস | 01716482725 | [signature] |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |